# জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
# নিউজ লেটার

www.nimc.gov.bd

২য় বর্ষ ।। ১ম সংখ্যা জুলাই - ডিসেম্বর ২০১৮

## জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট পরিচিতি:

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (সাবেক জাতীয় সম্প্রচার একাডেমি) প্রতিষ্ঠানটি UNDP (ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম), UNESCO (ইউনাইটেড নেশনস এডুকেশন সায়েন্টিফিক এন্ড কালচারাল অর্গানাইজেশন) এবং ITU (ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন)-এর সহযোগিতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি প্রকল্পরূপে ১৯৮০ খ্রিস্টাব্দে কার্যক্রম শুরু করে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (জাগই) তথ্য মন্ত্রণালয়ের অধীনস্ত বাংলাদেশে তথ্য সার্ভিস ও ইলেকট্রনিক গণমাধ্যমের ক্ষেত্রে একমাত্র সরকারি প্রশিক্ষণ কেন্দ্র। এ ইনস্টিটিউটে বেতার-টেলিভিশনের অনুষ্ঠান ও প্রকৌশল বিষয়সমূহ, চলচ্চিত্র, রিপোর্টিং এবং তথ্য ও উন্নয়ন যোগাযোগের ওপর প্রশিক্ষণ পাঠ্যধারা পরিচালনার ব্যবস্থা রয়েছে। এ ইনস্টিটিউটে বাংলাদেশ বেতার এবং টেলিভিশনের অনুষ্ঠান ও প্রকৌশল বিষয়সমূহ, চলচ্চিত্র, রিপোর্টিং এবং তথ্য উন্নয়ন যোগাযোগের ওপর প্রশিক্ষণ পাঠ্যধারা পরিচালনার ব্যবস্থা রয়েছে।

প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে বাংলাদেশ বেতার ও টেলিভিশন, ইলেকট্রনিক, গণযোগাযোগ ও চলচ্চিত্র মাধ্যমের সময়োপযোগী উন্নয়ন সাধন এ ইনস্টিটিউটের মূল দায়িত্ব। এ ইনস্টিটিউটে প্রতিবছর গণমাধ্যম বিষয়ে বিভিন্ন ধরণের ২৫-৩০টি পাঠ্যধারা এবং ২৫-৩০টি কর্মশালা ও সেমিনারের আয়োজন করা হয়। ইলেকট্রনিক মাধ্যম ও গণমাধ্যমে কাজ করতে আগ্রহী এবং বেসরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মীগণ এখানে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করতে পারেন।

## রূপকল্প (Vision):

গণমাধ্যমের জন্য একটি কার্যকর, দক্ষ ও ফলপ্রসু জনশক্তি গড়ে তোলা।

## অভিলক্ষ্য (Mission):

জ্ঞান এবং দক্ষতা নির্ভর প্রশিক্ষণের মাধ্যমে সম্প্রচার জগতের জন্য একবিংশ শতাব্দীর উপযোগী মানবসম্পদ গড়ে তোলা।

## কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. বেতার, টেলিভিশন, চলচ্চিত্রসহ সকল প্রকার ইলেকট্রনিক গণমাধ্যম ও গণযোগাযোগের জন্য মানবসম্পদ উন্নয়ন।
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন।
৩. তথ্য অধিকার আইন ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নীতিমালা বাস্তবায়ন।

## ইনস্টিটিউটের কার্যাবলী (Functions/Activities):

ক) বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, তথ্য অধিদফতর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, প্রেস ইনস্টিটিউট, ফিল্ম আর্কাইভ, সেন্সর বোর্ড, তথ্য ক্যাডারসহ তথ্য মন্ত্রণালয়ের সকল দপ্তরে কর্মরত সম্প্রচার ও যোগাযোগ কর্মীদের দক্ষতা ও কারিগরি মান বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;
খ) গণমাধ্যম পেশায় নিয়োজিত অনুষ্ঠান শাখা, প্রকৌশল শাখা ও গণযোগাযোগ ও সাংবাদিকতার কলাকুশলীদের প্রশিক্ষণের মাধ্যমে বেতার ও টেলিভিশন সম্প্রচারের মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণ;
গ) চলচ্চিত্র কর্মীদের জন্য চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন ধরনের সেমিনার/ কর্মশালার আয়োজন;
ঘ) জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে ইলেকট্রনিক ও চলচ্চিত্র মাধ্যম সংক্রান্ত বিভিন্ন অনুষ্ঠানের দর্শক চাহিদা, প্রশিক্ষণ চাহিদা সংক্রান্ত উপাত্ত সংগ্রহ ও গবেষণার মাধ্যমে উপযুক্ত তথ্য প্রকাশ;
ঙ) বেতার, টেলিভিশন ও চলচ্চিত্র বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উপদেশ ও পরামর্শ দান;
চ) উন্নয়ন সম্প্রচার ও গণযোগাযোগের ক্ষেত্রে সম্পৃক্ত বিষয়ে সেমিনার, কর্মশালা ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি (Motivational Programme);
ছ) অনুরূপ কাজের সংগে সম্পৃক্ত অন্যান্য জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সংগে যোগাযোগ স্থাপন;
জ) ইনস্টিটিউট কর্তৃক বিভিন্ন পাঠ্যধারায় নির্মিত বেতার ও টেলিভিশন অনুষ্ঠান সিডি ও ডিভিডিতে সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করে লাইব্রেরিতে সংরক্ষণ করা ;
ঝ) দর্শক ও শ্রোতার মতামত/ফিডব্যাকের ওপর ভিত্তি করে অডিও ভিজ্যুয়াল এবং অনলাইন মিডিয়া সংশ্লিষ্ট গবেষণা কার্যক্রম পরিচালনা;
ঞ) এক বছর মেয়াদি পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ব্রডকাস্ট জার্নালিজম কোর্স আয়োজন;
ট) বেতার, টেলিভিশন এবং নিউ মিডিয়ার ক্ষেত্রে পরামর্শ সেবা প্রদানের জন্য গণমাধ্যম বিষয়ক জার্নাল ও গ্রন্থ প্রকাশ।

## সম্পাদিত প্রশিক্ষণ পাঠ্যধারাসমূহ

১. এ্যাডভান্সড কোর্স অন মিডিয়া ম্যানেজমেন্ট
২. ব্রডকাস্ট নেটওয়ার্কিং এন্ড সাইবার সিকিউরিটি কোর্স
৩. প্রথম শ্রেণির কর্মকর্তাদের জন্য বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স
৪. বেতার ও টেলিভিশন সংবাদ রিপোর্টিং কোর্স
৫. মডার্ন ব্রডকাস্ট টেকনোলজি কোর্স
৬. নিউ মিডিয়া এন্ড ট্রেডিশনাল মিডিয়া কোর্স
৭. ডিজিটাল অফিস ম্যানেজমেন্ট কোর্স
৮. ল ট্রেনিং কোর্স ফর ফোকাল পয়েন্ট অফিসার
৯. টেলিভিশন নাটক প্রযোজনা কোর্স।

## সম্পাদিত উল্লেখযোগ্য প্রশিক্ষণ পাঠ্যধারা

প্রথম শ্রেণির কর্মকর্তাদের জন্য আয়োজিত বুনিয়াদি প্রশিক্ষণ পাঠ্যধারাটি গত ০৩ সেপ্টেম্বর হতে ২২ নভেম্বর ২০১৮ পর্যন্ত অনুষ্ঠিত হয়।



পাঠ্যধারায় বিটিভি, জাতীয় সংসদ সচিবালয় এবং জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে পুরুষ ১৫ জন এবং মহিলা ৪ জনসহ মোট ১৯ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রাক্তন মহাপরিচালকের কাছ থেকে প্রশিক্ষণার্থীরা সনদপত্র গ্রহণ করেন।

## নিউ মিডিয়া এন্ড ট্রেডিশনাল মিডিয়া কোর্স




নিউ মিডিয়া এন্ড ট্রেডিশনাল মিডিয়া কোর্সটি গত ২১ অক্টোবর ২০১৮ তারিখ শুরু হয়ে ১৫ নভেম্বর ২০১৮ সমাপ্ত হয়। কোর্সটিতে মোট ১৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণার্থীদের মধ্যে পুরুষ ১৭ জন এবং মহিলা ২ জন।

## এ্যাডভান্সড কোর্স অন মিডিয়া ম্যানেজমেন্ট




তথ্য মন্ত্রণালয়াধীন বিভিন্ন দপ্তরের মধ্যম পর্যায়ের কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির জন্য "এ্যাডভান্সড কোর্স অন মিডিয়া ম্যানেজমেন্ট" প্রশিক্ষণটি প্রণয়ন করা হয়েছে। গত ৭ জুলাই হতে ২ আগস্ট ২০১৮ পর্যন্ত অনুষ্ঠিত ০৪ (চার) সপ্তাহব্যাপী এ প্রশিক্ষণে পুরুষ ১৪ জন এবং মহিলা ৫ জনসহ মোট ১৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## ব্রডকাস্ট নেটওয়ার্কিং এন্ড সাইবার সিকিউরিটি কোর্স

ব্রডকাস্ট নেটওয়ার্কিং এন্ড সাইবার সিকিউরিটি কোর্সটি গত ২৮ অক্টোবর ২০১৮ তারিখ শুরু হয়ে ২২ নভেম্বর ২০১৮ সমাপ্ত হয়। কোর্সটিতে মোট ১৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণার্থীদের মধ্যে পুরুষ ১৩ জন এবং মহিলা ৪ জন।

## বেতার ও টেলিভিশন সংবাদ রিপোর্টিং কোর্স



বেতার ও টেলিভিশন সংবাদ রিপোর্টিং কোর্স গত ২৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ শুরু হয়ে ১৮ অক্টোবর ২০১৮ সমাপ্ত হয়। কোর্সটিতে পুরুষ ১৫ জন এবং মহিলা ৫ জনসহ মোট ২০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## মডার্ন ব্রডকাস্ট টেকনোলজি কোর্স

মডার্ন ব্রডকাস্ট টেকনোলজি কোর্স গত ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখ শুরু হয়ে ২৫ অক্টোবর ২০১৮ সমাপ্ত হয়। কোর্সটিতে পুরুষ ১৪ জন এবং মহিলা ৩ জনসহ মোট ১৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## ডিজিটাল অফিস ম্যানেজমেন্ট কোর্স



ডিজিটাল অফিস ম্যানেজমেন্ট কোর্স গত ২৮ অক্টোবর ২০১৮ তারিখ শুরু হয়ে ২২ নভেম্বর ২০১৮ সমাপ্ত হয়। কোর্সটিতে পুরুষ ১৩ জন এবং মহিলা ৫ জনসহ মোট ১৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## ডিজিটাল সিনেমা প্রোডাকশন কোর্স

গত ০২ ডিসেম্বর ২০১৮ তারিখ থেকে ১০ সপ্তাহ মেয়াদী ডিজিটাল সিনেমা প্রোডাকশন কোর্স এর আয়োজন করা হয়। এ কোর্সে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ৫ জন কর্মকর্তাসহ মোট ১৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। এ কোর্সের মাধ্যমে পূর্ণাঙ্গ একটি সিনেমা তৈরির কৌশল শেখানো হয় এবং কোর্স শেষে একটি সিনেমা প্রোডাকশন তৈরি করা হয়।

## টেলিভিশন নাটক প্রযোজনা কৌশল



টেলিভিশন নাটক প্রযোজনা কৌশল গত ০৯ ডিসেম্বর ২০১৮ তারিখ শুরু হয়ে ২৭ ডিসেম্বর ২০১৮ সমাপ্ত হয়। কোর্সটিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার এন্ড পারফ-রমেন্স স্টাডিজ বিভাগের ১০ জন পুরুষ এবং ৮ জন মহিলা প্রশিক্ষণার্থীসহ মোট ১৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## ল ট্রেনিং কোর্স ফর ফোকাল পয়েন্ট অফিসার

তথ্য মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের মামলার ফোকাল পয়েন্ট কর্মকতাদের জন্য ল ট্রেনিং কোর্স ফর ফোকাল পয়েন্ট অফিসার শীর্ষক প্রশিক্ষণ গত ৯-১৩ ডিসেম্বর, ২০১৮ অনুষ্ঠিত হয়। পাঠ্যধারায় ২ জন মহিলা ও ১১ জন পুরুষ কর্মকর্তাসহ মোট ১৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## সম্পাদিত কর্মশালাসমূহ

| S.N | Workshop Name |
|---|---|
| 1. | Techniques of adolescent child Participation in Electronic Media |
| 2. | Follow up Training and Mentoring of Children Participating in Electronic Media |
| 3. | Issue-based Workshop for Community Radio Producer's |
| 4. | Training on Issue-based News Reporting Techniques by Adolescents |
| 5 | Techniques of adolescent child Participation in Electronic Media |
| 6 | Follow up Training and Mentoring of Children Participating in Electronic Media |
| 7 | Training for Media Professionals on Neonatal Health Issue |
| 8 | Training for Media Professionals on Nutrition Issue |
| 9 | Training for Media Professionals on Child Marriage Issue |
| 10 | Techniques of News Reporting on Neonatal Health Issue for Media Professionals |
| 11 | CRC, CEDAW, Meena, Women Education |
| 12 | Issue-based Workshop for Media Professionals |

## সম্পাদিত উল্লেখযোগ্য কর্মশালাসমূহ

### CRC, CEDAW, Meena, Women Education শীর্ষক কর্মশালা



গত ১১-১৩ ডিসেম্বর ২০১৮ মেয়াদে CRC, CEDAW, Meena, Women Education বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় সরকারি, বেসরকারি ও কমিউনিটি বেতারের ১৮ জন সাংবাদিক অংশগ্রহণ করেন। প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র তুলে দেন মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোহাম্মদ আজহারুল হক।

### Training for Media Professionals on Neonatal Health Issue



গত ১৬-১৮ নভেম্বর ২০১৮ তারিখ ইলেকট্রনিক মিডিয়ার সংবাদ কর্মীদের জন্য Neonatal Health Issue বিষয় নিয়ে শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫ম পর্যায়) প্রকল্পের আওতায় জামালপুর জেলায় একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় ১৩ জন পুরুষ ও ৬ জন মহিলা সাংবাদিকসহ মোট ১৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

### পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ব্রডকাস্ট জার্নালিজম কোর্স

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ঢাকা স্কুল অব ব্রডকাস্ট জার্নালিজম প্রতিষ্ঠা করা হয় ২০১৫-২০১৬ অর্থবছরে। এখান থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় এর পিজিডিবিজে ডিপ্লোমা ডিগ্রী প্রদান করা হয়। এ কোর্সে বেতার ও টেলিভিশনের ওপর তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়সহ যোগাযোগ, গণমাধ্যম ও সম্প্রচার বিষয়ে বর্তমান ও ভবিষ্যত প্যাটার্ন সম্পর্কে পাঠদান করা হয়।




কোর্সের আসন সংখ্যা ২০ এবং সময়সীমা ১ বছর (৬ মাস মেয়াদী ২ সেমিস্টার)। ২০১৮-১৯ অর্থবছরে পিজিডিবিজে কোর্সের ৪র্থ ব্যাচের যাত্রা শুরু হয়। কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন ড. সাদেকা হালিম উপস্থিত ছিলেন।

## সম্পাদিত ব্র্যান্ডিং বিষয়ক কর্মশালাসমূহ

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ ব্রান্ডিং এর জন্য ২২-২৪ নভেম্বর, ২০১৮ "ডিজিটাল বাংলাদেশ" বিষয়ক এবং ২৫-২৬ নভেম্বর, ২০১৮ তারিখ "সামাজিক নিরাপত্তা" বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।



তৎকালীন মহাপরিচালক "সামাজিক নিরাপত্তা" বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন।

## সম্পাদিত অভ্যন্তরীণ প্রশিক্ষণসমূহ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৬০ ঘন্টা প্রশিক্ষণ আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। এরই ধারাবাহিকতায় এ পর্যন্ত মোট ১৬ টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

# জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট সংবাদ

## চতুর্থ উন্নয়ন মেলায় অংশগ্রহণ

গত ৪-৬ অক্টোবর, ২০১৮ তারিখ আগারগাঁওয়ে অনুষ্ঠিত হয় চতুর্থ উন্নয়ন মেলা। এ উন্নয়ন মেলায় জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। এ উপলক্ষ্যে এনআইএমসি ষ্টলে প্রতিষ্ঠানের কর্মকাণ্ডের উপর প্রস্তুতকৃত Brochure ব্যাপকভাবে মেলায় আগত ভিজিটরদের আকৃষ্ট করতে সক্ষম হয়।

## বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ

২০১৮-১৯ অর্থবছরের ডিসেম্বর পর্যন্ত ছয় (৬) মাসে বিভিন্ন দেশে অনুষ্ঠিত কর্মশালা/সেমিনারে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এর সর্বমোট ০৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন।

| নাম, পদবী | কর্মশালা/ সেমিনারের নাম | দেশের নাম |
|---|---|---|
| মো: রফিকুজ্জামান মহাপরিচালক | 17th AIBD General Conference | শ্রীলংকা |
| মিজ সুমনা পারভীন উপ পরিচালক | 17th AIBD General Conference | শ্রীলংকা |
| মো: সোহেল পারভেজ সহকারি পরিচালক | 17th AIBD General Conference | শ্রীলংকা |
| মো: ফাইম সিদ্দিকী গবেষণা কর্মকর্তা | Convergent Journalism | চীন |
| দেওয়ান আশরাফুল ইসলাম সহকারি প্রোগ্রামার | OTT and IBB Technologies | মালয়েশিয়া |

## চীনের বেইজিংএ অনুষ্ঠিত কনভার্জেন্ট জার্নালিজম কর্মশালায় অংশগ্রহণ

এশিয়া-প্যাসিফিক ইনস্টিটিউট ফর ব্রডকাস্টিং ডেভেলপমেন্ট (এআইবিডি) এবং চায়না গ্লোবাল টেলিভিশন নেটওয়ার্ক কর্পোরেশন (সিজিটিএনসি) এর যৌথ আয়োজনে সাংবাদিকতার ওপর কমিউনিকেশন ইউনিভারসিটি অব চায়নাতে ১০-১৯ অক্টোবর, ২০১৮ তে অনুষ্ঠিত হয় "Convergent Journalism" শীর্ষক কর্মশালা। উক্ত কর্মশালায় ১৩টি দেশ থেকে প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।




কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে এআইবিডি এর পরিচালক মি. চেং জিন. উপস্থিত ছিলেন। গবেষণা কর্মকর্তা জনাব মো: ফাইম সিদ্দিকী কর্মশালা সমাপ্তির পর সনদপত্র গ্রহণ করেন।

## অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা

বিবেচ্য জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০১৮ এর মধ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এর নিম্ন বর্ণিত কর্মকর্তা-কর্মচারীগণ অবসরোত্তর ছুটিতে (PRL) গমন করেছেন।

| নাম | পদবী | অবসর গ্রহণের তারিখ |
|---|---|---|
| ১। জনাব মো: মতিউর রহমান | গাড়ী চালক | ১১-০৭-২০১৮ |
| ২। জনাব মো: আবুল খায়ের | ক্যাশ সরকার | ২৮-১২-২০১৮ |
| ৩।জনাব মো: জহিরুল ইসলাম | উচ্চমান সহকারি | ৩১-১২-২০১৮ |
| ৪। মো: রবিউল ইসলাম | গাড়ী চালক | ৩১-১২-২০১৮ |

## মহাপরিচালক মহোদয়ের বিদায়



গত ২৮.১১.২০১৮ মহাপরিচালক জনাব মো: রফিকুজ্জামান অবসরোত্তর ছুটিতে যাওয়ার উদ্দেশে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদানের প্রাক্কালে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পক্ষ থেকে অনানুষ্ঠানিক বিদায় অনুষ্ঠানের আয়োজন করা হয়। তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারের একজন সদস্য।

## নতুন মহাপরিচালক মহোদয়ের যোগদান

গত ২৯.১১.২০১৮ তারিখ মহাপরিচালক পদে অতিরিক্ত দায়িত্বে তথ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ আজহারুল হক যোগদান করেন ।



## প্রকাশনাসমূহ

১। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট বার্ষিক প্রতিবেদন।
২। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট Brochure।

## চলমান প্রকাশনাসমূহ

১। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট জার্নাল ৩য় সংখ্যা।

## গবেষণা কার্যক্রম

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট গণমাধ্যম সম্পর্কিত বিভিন্ন বিষয়ের ওপর ১৯৮২ সাল থেকে গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। ২০১৮-১৯ অর্থবছরে নিম্নবর্ণিত বিষয়ের উপর গবেষণা কার্যক্রম শুরু করা হয়েছে।

1. Media in Creating Awareness Among Parents of the Primary School Age Children in the Rural Areas of Bangladesh.
2. Effect of Electroinic Media like Radio, Televesion and Community Radio on Climate Change Knowledge and Behavior of People in Bangladesh.
3. Community Radio in Family Health and Nutrition Awareness building among rural listeners.

## আগামী ৬ (ছয়) মাসে অনুষ্ঠিতব্য কোর্স সমূহ

| Sl. | Course Name | Duration |
|---|---|---|
| 1. | Foundation Training Course for Class II Officers | 20.01.2019-14.03.2019 |
| 2. | Non-linear Video Editing | 27.01.2019-20.02.2019 |
| 3. | Digital Photography | 17.02.2019-07.03.2019 |
| 4. | Digital Camera Operation & Lighting | 17.02.2019-28.03.2019 |
| 5. | Communicative English Course for Media | 03.03.2019-21.03.2019 |
| 6. | Television Drama Production Course for University Students | 10.03.2019-28.03.2019 |
| 7. | Radio & Television Program Presentation | 10.03.2019-04.04.2019 |
| 8. | Sound System Operating Techniques | 31.03.2019-11.4..2019 |
| 10. | Techniques of News Presentation | 07.04.2019-25.04.2019 |
| 11. | Radio Program Production Course | 14.04.2019-09.05.2019 |
| 12. | Basic Training on Broadcast Technology | 14.04.2019-02.05.2019 |
| 13. | Online Digital Audio Recording and Editing | 05.05.2019-16.05.2019 |
| 14. | Training of Trainers | 19.05.2019-30.05.2019 |
| 15. | Capacity Building for Community Radio | TBD |

# ফটো অ্যালবাম



মাননীয় তথ্যমন্ত্রীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।



মাননীয় তথ্য সচিবকে ফুল দিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এর কর্মকর্তাবৃন্দ।



মতবিনিময় সভায় তথ্য সচিব মহোদয় বক্তব্য প্রদান করছেন।



মতবিনিময় সভায় তথ্য সচিব মহোদয় বক্তব্য প্রদান করছেন।



তথ্য সচিব মহোদয়কে শুভেচ্ছা স্মারক উপহার দিচ্ছেন
প্রাক্তন মহাপরিচালক।




চতুর্থ জাতীয় উন্নয়ন মেলায়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।



চতুর্থ জাতীয় উন্নয়ন মেলায়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের Brochure এর মোড়ক উন্মোচন।



কর্মশালায় প্রশিক্ষণার্থীদের দলীয় কার্যক্রম।



কোর্স প্রশাসনের সাথে প্রশিক্ষণার্থীবৃন্দ ।



জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট জার্নাল (২য় সংখ্যা)
এর মোড়ক উন্মোচন।






প্রথম শ্রেণির নন-ক্যাডার কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণে
প্রকাশিত স্যুভেনির এর মোড়ক উম্মোচন।

কর্মশালায় সেশন পরিচালনা করছেন  একজন প্রশিক্ষক



অভ্যন্তরীণ প্রশিক্ষণ উদ্বোধন করছেন
অতিরিক্ত মহাপরিচালক।



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং
কর্মশালা উদ্বোধন করছেন প্রাক্তন মহাপরিচালক।



অভ্যন্তরীণ প্রশিক্ষণে সেশন পরিচালনা করছেন
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)




পাঠ্যধারা ও কর্মশালার সমাপন ও সনদপত্র বিতরণ
অনুষ্ঠানে মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মহোদয়।



অভ্যন্তরীণ প্রশিক্ষণে সেশন পরিচালনা করছেন
অতিরিক্ত মহাপরিচালক।




প্রথম শ্রেণির নন-ক্যাডার কর্মকর্তাদের বুনিয়াদি
প্রশিক্ষণের মেস নাইট উদ্‌যাপন।

উপদেষ্টা: মোহাম্মদ আজহারুল হক, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব);
সম্পাদক : মো. মাসুদ করিম, অতিরিক্ত মহাপরিচালক;
নির্বাহী সম্পাদক : মো. ফাইম সিদ্দিকী, গবেষণা কর্মকর্তা।
ঠিকানা : ১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬।
পিএবিএক্স-৫৫০৭৯৪৩৮-৪২, ফ্যাক্স-৫৫০৭৯৪৪৩
e-mail: dg@nimc.gov.bd, website: www.nimc.gov.bd